যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৫৮

১/ বিবিধ

আরবী

اغتسلوا يوم الجمعة ولوكأسا بدينار

موضوع

أورده ابن الجوزي في " الموضوعات " (2 / 104) من رواية الأزدي بسنده إلى ابن حبان حدثنا حماد بن زيد عن أيوب عن الحسن عن أبي هريرة مرفوعا، وقال ابن الجوزي: ابن حبان هو إبراهيم بن البحتري ساقط لا يحتج به

قلت: هو إبراهيم بن البراء وقد سبق له حديث موضوع (رقم 114)

هذا وقد تعقبه السيوطي في " اللآليء " (2 / 26) فقال: قلت: له طريق آخر أخرجه ابن عدي: حدثنا إبراهيم بن مرزوق: حدثنا حفص بن عمر أبو إسماعيل الديلمي.... عن أنس مرفوعا به

قلت: وهذا تعقب فاشل فإن حفص بن عمر هذا كذاب كما قال أبو حاتم فيما نقله الذهبي في " الميزان " ثم ساق له أحاديث هذا أحدها ولهذا قال ابن عراق (2/ 248) فلا يصلح شاهدا، ومن الغرائب أن السيوطي أورد الحديث في " الجامع " من رواية ابن عدي هذه، ومن رواية ابن أبي شيبة عن أبي هريرة موقوفا، قال المناوي: وهو شاهد للأول يعني المرفوع، وبه رد المصنف على ابن الجوزي جعله الحديث موضوعا

قلت: وهذا رد واه فإن الحديث إذا ثبت وضعه مرفوعا إلى النبي صلى الله عليه وسلم فلا يفيده أن يرد موقوفا على بعض الصحابة إلا أن يكون من الأحاديث التي لا تقال

بالاجتهاد والرأي فحينئذ يكون لها حكم المرفوع وليس منها هذا الحديث كما لا يخفى، هذا وقد سقط من النسخة المطبوعة من " اللآليء " إسناد حديث ابن أبي شيبة عن أبي هريرة فلم نتمكن من النظر في صحته ولو أنه موقوف، ثم وقفت على إسناده فقال ابن أبي شيبة في " المصنف " (11 / 20 / 2) : أنبأنا وكيع عن ثور عن زياد النميري عن أبي هريرة قال: لأغتسلن يوم الجمعة ولوكأسا بدينار

وهذا سند ضعيف، زياد هو ابن عبد الله وهو ضعيف كما في " التقريب "، ثم ساق السيوطي موقوفا آخر على كعب، وسنده ضعيف أيضا، وبالجملة فالحديث موضوع مرفوعا إلى النبي صلى الله عليه وسلم، ضعيف موقوفا، والله سبحانه وتعالى أعلم ويغني عنه الأحاديث الصحيحة في الأمر بالغسل يوم الجمعة كقوله صلى الله عليه وسلم: " غسل الجمعة واجب على كل محتلم "، رواه الشيخان وغيرهما وهو مخرج في " الإرواء " (رقم 143) ، وقد تساهل أكثر الناس بهذا الواجب يوم الجمعة فقل من يغتسل منهم لهذا اليوم، ومن اغتسل فيه فإنما هو للنظافة، لا لأنه من حق الجمعة، فالله المستعان

বাংলা

১৫৮। এক দিনারের বিনিময়ে এক গ্লাস পানি দ্বারা হলেও তোমরা জুম’আর দিবসে গোসল কর।

হাদীসটি জাল।

এটিকে ইবনুল জাওযী “মাওযু’আত” গ্রন্থে (২/১০৪) বর্ণনাকারী ইবনু হিব্বান পর্যন্ত আযদীর বর্ণনায় তার সনদে উল্লেখ করেছেন। ইবনুল জাওযী বলেনঃ ইবনু হিব্বান হচ্ছেন ইবরাহীম ইবনুল বুহতারী। তিনি সাকেত (নিক্ষিপ্ত), তার দ্বারা দলীল গ্রহণ করা যাবে না।

আমি (আলবানী) বলছিঃ তিনি হচ্ছেন ইবরাহীম ইবনু বাররা। তার একটি জাল হাদীস পূর্বে (নং ১১৪) আলোচিত হয়েছে। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। সেখানে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে।

সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (২/২৬) ইবনুল জাওযীর সমালোচনা করে বলেছেনঃ এটির অন্য সূত্রও রয়েছে, যেটি ইবনু আদী বর্ণনা করেছেন। কিন্তু এ সনদে হাফস্ ইবনু উমার রয়েছেন। তিনি একজন মিথ্যুক, যেমনটি আবু হাতিম বলেছেন। সেটিকে যাহাবী “আল-মীযান” গ্রন্থে উল্লেখ করেছেন। এছাড়া তিনি তার কতিপয় অন্য হাদীসও

উল্লেখ করেছেন।

এ কারণেই ইবনু আররাক বলেন (২/২৪৮) এটি শাহেদ হবার উপযোগী নয়।

হাদীসটি সুয়ূতী "জামেউস সাগীর" গ্রন্থে ইবনু আদীর বর্ণনায় আবূ হুরাইরাহ (রাঃ) হতে মওকুফ হিসাবে উল্লেখ করেছেন। এছাড়া আবূ হুরাইরাহ (রাঃ) হতে মওকুফ হিসাবে ইবনু আবী শায়বাও (১১/২০/২) বর্ণনা করেছেন। কিন্তু এটির সনদে যিয়াদ ইবনু আবদিল্লাহ নামক এক বর্ণনাকারী রয়েছেন। তিনি দুর্বল, যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

মোটকথা হাদীসটি মারফূ' হিসাবে জাল (বানোয়াট) আর মওকুফ হিসাবে য'ঈফ। যেখানে জুম'আর দিবসে গোসল করার ব্যাপারে সহীহ হাদীসে নির্দেশ এসেছে, সেখানে জাল-দুর্বল হাদীসের কোন প্রয়োজনীয়তা নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5419

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন